

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম
(ভূমি অধিগ্রহণ শাখা)
www.chittagong.gov.bd

এল.এ. মামলা নং-১৪/২০২২-২০২৩

(গণবিজ্ঞপ্তি)

জারী নম্বর: ৪

তারিখ: ০৩/০১/২০২৪ খ্রি.


- ১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম মহোদয়ের ----- নোটিশ বোর্ড।
- ২। জেলা প্রশাসক, চট্টগ্রাম মহোদয়ের----- নোটিশ বোর্ড।
- ৩। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সাতকানিয়া, চট্টগ্রাম। ----- নোটিশ বোর্ড।
- ৪। সহকারী কমিশনার (ভূমি), সাতকানিয়া, চট্টগ্রাম নোটিশ বোর্ড।
- ৫। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম, ওয়েবসাইটে প্রদর্শনের জন্য----
- ৬। সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি অফিস, সাতকানিয়া, চট্টগ্রাম ----- নোটিশ বোর্ড।
- ৭। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের কার্যালয়, সাতকানিয়া, চট্টগ্রাম।
- ৮। সংশ্লিষ্ট মৌজার প্রকাশ্য স্থান-..... সাতকানিয়া, চট্টগ্রাম।
- ৯। প্রকল্পের বা নিবন্ধিত সুবিধাজনক স্থানে ক্ষতিগ্রস্ত/স্বার্থ সংশ্লিষ্ট সকলের জন্য প্রদর্শন-
- ১০। অফিস কপি।

স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশাবলীর ১২ নং নির্দেশনা মোতাবেক)

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি চট্টগ্রাম জেলার “সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন গুরুত্বপূর্ণ মহাসড়কের পণ্য পরিবহনের উৎসমুখে এক্সেল লোড নিয়ন্ত্রন কেন্দ্র স্থাপন” শীর্ষক প্রকল্পের জন্য জনপ্রয়োজনে ও জনস্বার্থমূলক উদ্দেশ্যে প্রয়োজন হওয়ায় সরকার কর্তৃক অধিগ্রহণের জন্য প্রস্তাব করা হয়েছে বিধায় বিগত ১১.০৬.২০২৩ খ্রি. তারিখে জারিকৃত ৪(১) ধারার নোটিশে উল্লিখিত ০৪.০৭.২০২৩ খ্রি.তারিখ ও সময় হতে ভিডিও ও স্থির চিত্র ধারণসহ সরেজমিন পরিমাপ ও যৌথ তদন্ত সম্পন্ন করে সকল তথ্য সমন্বিত করে যৌথ তদন্তের তালিকা প্রস্তুত করা হয়েছে, এতদ্বারা স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশাবলীর ১২ নং নির্দেশ মোতাবেক যৌথ তদন্ত তালিকা ক্ষতিগ্রস্ত/স্বার্থ সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে প্রকাশ করা হলো।

অদ্য ০৩.০১.২০২৪ খ্রি. তারিখ হতে পরবর্তী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে অধিগ্রহণের জন্য বর্ণিত সম্পত্তির মালিকানা/স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিগণ ৪(৮) ধারায় বিভাগীয় কমিশনারের নিকট যৌথ তদন্ত তালিকায় অবকাঠামো/ঘরবাড়ি অন্তর্ভুক্ত না হওয়ার বিরুদ্ধে আবেদন করতে পারবেন এবং জমির মালিকানা/স্বার্থ সংশ্লিষ্টতা সম্পর্কিত যৌথ তদন্তে প্রকাশিত বিষয়ে আপত্তি জেলা প্রশাসক, চট্টগ্রাম এর নিকট দাখিল করা যাবে।

অধিগ্রহণকৃত জমির তফসিল সংযুক্ত করা হলো।


জামশেদ আলিম রানা
ভূমি অধিগ্রহণ কর্মকর্তা
চট্টগ্রাম।